

সারাদেশ

ব্রাহ্মণবাড়িয়ায় বিজিবির পৃথক অভিযানে ৭৬ কেজি গাঁজা ও ৯৫ বোতল মদ জব্দ



প্রতিবেদক: ব্রাহ্মণবাড়িয়া প্রতিনিধি

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



ব্রাহ্মণবাড়িয়ার সীমান্তবর্তী এলাকায় পৃথক তিনটি অভিযানে ৭৬ কেজি ভারতীয় গাঁজা ও ৯৫ বোতল ভারতীয় মদ জব্দ করেছে বর্ডার গার্ড বাংলাদেশ (বিজিবি)। উদ্ধার হওয়া এসব মাদকদ্রব্যের কোনো দাবিদার না থাকায় মালিকবিহীন অবস্থায় জব্দ করা হয়েছে।

শুক্রবার (১৭ জুলাই) সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ তথ্য জানায়।

বিজিবি জানায়, শুক্রবার দুপুর ১২টা ৩৫ মিনিটের দিকে সরাইল ব্যাটালিয়নের বিশ্বপুর বিওপির একটি টহলদল ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর উপজেলার কালাছড়া এলাকায় মাদকবিরোধী অভিযান চালায়। সীমান্ত পিলার ২০১২/৫-এস থেকে প্রায় ১০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে পরিচালিত এ অভিযানে মালিকবিহীন অবস্থায় ৫০ কেজি ভারতীয় গাঁজা ও ৯৫ বোতল ভারতীয় মদ জব্দ করা হয়।

একই দিন বিকেল ৪টা ৩৫ মিনিটে ব্রাহ্মণবাড়িয়া ট্রানজিট ক্যাম্পের একটি বিশেষ টহলদল বিজয়নগর উপজেলার ইব্রাহীমপুর এলাকায় পৃথক

অভিযান চালিয়ে মালিকবিহীন অবস্থায় আট কেজি ভারতীয় গাঁজা উদ্ধার করে। এ স্থানটি সীমান্ত পিলার ২০০১/এমপি থেকে প্রায় পাঁচ কিলোমিটার বাংলাদেশের অভ্যন্তরে অবস্থিত।

এর কিছুক্ষণ পর বিকেল ৪টা ৫০ মিনিটে সরাইল ব্যাটালিয়নের আজমপুর বিওপির টহলদল আখাউড়া উপজেলার চাঁনপুর এলাকায় অভিযান চালিয়ে আরও ১৮ কেজি ভারতীয় গাঁজা জব্দ করে। অভিযানের স্থানটি সীমান্ত পিলার ২০১৯/৯-এস থেকে প্রায় ১০০ গজ বাংলাদেশের অভ্যন্তরে।

বিজিবি জানিয়েছে, জব্দ করা সব মাদকদ্রব্যের বিষয়ে ব্রাহ্মণবাড়িয়া মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরকে অবহিত করা হয়েছে। আইনানুগ প্রক্রিয়া শেষে মাদকদ্রব্যগুলো ধ্বংসের জন্য ব্যাটালিয়ন সদর দপ্তরে জমা দেওয়ার কার্যক্রম চলমান রয়েছে।

সরাইল ব্যাটালিয়ন (২৫ বিজিবি) জানায়, তাদের দায়িত্বাধীন ব্রাহ্মণবাড়িয়ার বিজয়নগর ও আখাউড়া এবং হবিগঞ্জের মাধবপুর উপজেলার সীমান্ত এলাকায় নিরাপত্তা নিশ্চিত, চোরাচালান প্রতিরোধ এবং মাদক পাচার রোধে গোয়েন্দা নজরদারি ও আভিযানিক কার্যক্রম নিয়মিতভাবে অব্যাহত রয়েছে। এরই ধারাবাহিকতায় এসব অভিযান পরিচালনা করে বিপুল পরিমাণ মাদকদ্রব্য জব্দ করা হয়েছে।

এ বিভাগের আরও খবর



বাবার হত্যা মামলার বাদীকেই হত্যার চেষ্টার অভিযোগ
পটুয়াখালীর কলাপাড়ায় আলোচিত হারিচ আহমেদ হত্যা মামলার বাদী বাবুল মিয়াকে হত্যাচেষ্টার অভিযোগ উঠেছে মামলার আসামিদের বিরুদ্ধে। গত রোববার সকাল ৯...



রাজৈরে ইয়াবাসক্ত ছেলেকে পুলিশে দিলেন বাবা
মাদারীপুরের রাজৈরে ইয়াবাসক্ত ছেলের অভ্যাস ও হত্যার হুমকিতে অতিষ্ঠ হয়ে তাকে পুলিশের হাতে তুলে দিয়েছেন এক বাবা।
উপজেলার কামালদি রিজের সূতা...



ঝালকাঠিতে গাঁজাসহ তরুণ গ্রেফতার
ঝালকাঠির নলছিটিতে দুই কেলি গাঁজাসহ রাফিক হাসান সরদার (১৯) নামে এক তরুণকে গ্রেফতার করেছে পুলিশ। (সোমবার রাত ১০ টার দিকে উপজেলার দশদশিয়া ইউনিয়নে...)



শার্শায় ২০০ বোতল উইনসেরেস কফ সিরাপসহ গ্রেপ্তার ১
যশোরের শার্শায় ২০০ বোতল উইনসেরেস কফ সিরাপসহ মো. সবুজ বান (৩৫) নামে এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে থানা পুলিশ। (মঙ্গলবার (৬ অক্টোবর) দুপুর ২টার...)

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/brahmnbariyay-bijbir-prithk-obhijane-76-keji-ganja-o-95-botl-md-jbd>